

# বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩

( ২০১৩ সনের ৬১ নং আইন )

[২৭ নভেম্বর, ২০১৩]

## Bangladesh Travel Agencies (Registration and Control) Ordinance রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু Bangladesh Travel Agencies (Registration and Control), Ordinance, 1977 (ordinance No. XLVIII of 1977) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;  
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

### সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- ১। (১) এই আইন বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ নামে  
অভিহিত হইবে।
- (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

### সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—
- (১) “ট্রাভেল এজেন্সি” অর্থ ধারা ৫ এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি;
- (২) “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত;
- (৩) “নিবন্ধন কর্তৃপক্ষ” অর্থ ধারা ৩ এর অধীন নির্ধারিত কর্তৃপক্ষ;
- (৪) “নিবন্ধন সনদ” অর্থ ধারা ৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর অধীন ইস্যুকৃত  
নিবন্ধন সনদ;
- (৫) “পরিবহন” অর্থ আকাশ, নৌ, সমুদ্র বা সড়ক পথে পরিবহন;
- (৬) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৭) “ব্যক্তি” অর্থ যে কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারি কারবার,  
ফার্ম বা অন্য কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

### নিবন্ধন কর্তৃপক্ষ

- ৩। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিবন্ধন

কর্তৃপক্ষ নির্ধারণ করিতে পারিবে।

**নিবন্ধন সনদ  
ব্যতীত ট্রাভেল  
এজেন্সি প্রতিষ্ঠার  
উপর নিষেধাজ্ঞা**

৪। ধারা ৫ এর বিধান অনুসারে নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি, কমিশন বা সার্ভিস চার্জের বিনিময়ে, অন্য কোন ব্যক্তির ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের উদ্দেশ্যে ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে পারিবেন না।

**নিবন্ধন সনদ  
ইস্যু, ইত্যাদি**

৫। (১) কোন ব্যক্তি ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে চাইলে, নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতি ও ফরমে এবং ফিসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(গ) ব্যবসায়িক ঠিকানা;

(ঘ) কোম্পানি হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপি; এবং

(ঙ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন সনদ ইস্যু করিবে; অথবা

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে Bangladesh Travel Agencies (Registration and Control) Ordinance, 1977 (ordinance No. XLVIII of 1977) এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি উহার কার্যক্রম অব্যাহত রাখিতে চাহিলে উক্ত ট্রাভেল এজেন্সিকে এই আইন কার্যকর হইবার ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিবন্ধনের জন্য উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী আবেদন করিতে হইবে।

**নিবন্ধন সনদ  
প্রাপ্তির যোগ্যতা**

৬। কোন ব্যক্তি নিবন্ধন সনদ পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

(খ) অপ্রাপ্ত বয়স্ক হন;

(গ) সুস্থ মস্তিষ্কের অধিকারী না হন;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং উক্ত দেউলিয়াত্বের অবসান না হয়; অথবা

(ঙ) রাষ্ট্রদ্রোহিতা বা নৈতিক স্বলনজনিত কোন অপরাধে দণ্ডিত হইয়া থাকেন এবং দণ্ড ভোগের পর ২ (দুই) বৎসর সময় অতিবাহিত না হইয়া থাকে।

**নিবন্ধন সনদের  
মেয়াদ ও নবায়ন**

৭। (১) নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে ৩ (তিন) বৎসর, এবং উহা নবায়নযোগ্য হইবে।

(২) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পূর্বে নির্ধারিত সময়ের মধ্যে এবং নির্ধারিত পদ্ধতি ও ফি প্রদান সাপেক্ষে নিবন্ধন নবায়নের আবেদন করিতে হইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীর অনুকূলে নির্ধারিত ফরমে নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে; অথবা

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে;

**নিবন্ধন সনদ  
হস্তান্তর ও  
ঠিকানা  
পরিবর্তনের  
উপর বিধি-  
নিষেধ**

৮। (১) কোন ট্রাভেল এজেন্সি তাহার নিবন্ধন সনদ অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পারিবে না।

(২) নিবন্ধন কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত কোন ট্রাভেল এজেন্সি তাহার ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন করিতে পারিবে না।

**নিবন্ধন সনদ  
স্বগিত বা বাতিল**

৯। (১) নিবন্ধন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কোন কারণে উপযুক্ত তদন্ত ও শুনানির সুযোগ প্রদান করিয়া কোন ট্রাভেল এজেন্সির নিবন্ধন স্বগিত বা বাতিল করিতে পারিবে, যথা:—

(ক) মিথ্যা তথ্য বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করিলে;

(খ) এই আইন, বিধি বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে;

(গ) ট্রাভেল এজেন্সিসমূহের জন্য নির্ধারিত আচরণ বিধির কোন বিধান লংঘন করিলে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন না করিলে;

(ঙ) নিবন্ধন সনদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যক্তি কোন ফৌজদারি অপরাধে দণ্ডিত হইলে;  
অথবা

(চ) কোম্পানি, সংস্থা, অংশীদারি কারবার বা আইনগত সত্ত্বার ক্ষেত্রে উহার অবসায়ন হইলে।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ স্বগিত করা হইলে উক্ত ট্রাভেল এজেন্সি অন্য কোন ব্যক্তির ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের উদ্দেশ্যে কোন কার্যক্রম করিতে পারিবে না।

**নিবন্ধন  
কর্তৃপক্ষের  
আদেশের বিরুদ্ধে  
আপিল**

১০। ধারা ৫ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর অধীন কোন নিবন্ধনের আবেদন অথবা ধারা ৭ এর উপ-ধারা (৩) এর দফা (খ) এর অধীন কোন নিবন্ধন নবায়নের আবেদন নামঞ্জুর করা হইলে অথবা ধারা ৯ এর অধীন নিবন্ধন সনদ স্বগিত বা বাতিল করা হইলে, উক্তরূপ নামঞ্জুর, স্বগিত বা বাতিল আদেশের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল করা যাইবে এবং এইক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

দণ্ড

১১। কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লংঘন করিলে, উহা অপরাধ হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ৬ (ছয়) মাস কারাদণ্ড এবং অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

বিধি প্রণয়নের  
ক্ষমতা

১২। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

ইংরেজীতে  
অনূদিত পাঠ  
প্রকাশ

১৩। (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

রহিতকরণ ও  
হেফাজত

১৪। Bangladesh Travel Agencies (Registration and Control) Ordinance, 1977 (ordinance No. XLVIII of 1977), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance এর অধীন কৃত কোন কার্য বা গৃহীত কোন ব্যবস্থা বা প্রণীত কোন বিধি বা জারীকৃত কোন আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন বা ইস্যুকৃত কোন নিবন্ধন সনদ, এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, এবং এই আইনের অধীন কৃত, গৃহীত, প্রণীত, জারীকৃত বা ইস্যুকৃত বলিয়া গণ্য হইবে।

(৩) এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে উক্ত Ordinance এর অধীন কোন মামলা বা কার্যধারা কোন আদালতে বিচারাধীন থাকিলে উহা উক্ত আদালত কর্তৃক এমনভাবে শুনানি ও নিষ্পত্তি হইবে, যেন উক্ত Ordinance রহিত হয় নাই।